যুগান্তর

তারিখ ... 02 OCT 2015 ...
পৃষ্ঠা ২০ কলাম ১

বিশ্ববিদ্যালয়ে শিক্ষক আন্দোলন

# শিক্ষা কার্যক্রম চালিয়ে যেতে অনুরোধ শিক্ষামন্ত্রীর

যুগান্তর রিপোর্ট

পাবলিক বিশ্ববিদ্যালয় শিক্ষকদের ক্লাস, পরীক্ষা ও ভর্তিসহ অন্যান্য কার্যক্রম চালিয়ে যাওয়ার অনুরোধ জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। বৃহস্পতিবার সকালে মন্ত্রণালয়ে একটি সভা শুরুর আগে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের এ অনুরোধ জানিয়ে মন্ত্রী বলেন, শিক্ষকদের সমস্যা সমাধানে সরকার কাজ করছে। শিক্ষামন্ত্রী এ সময় বলেন, বিশ্ববিদ্যালয় শিক্ষকদের বেতন-ভাতার বিষয়টি নিয়ে প্রশ্ন আছে। সমাধানের জন্য সরকার কাজ করছে। কমিটি পুনর্গঠিত হয়েছে। শিক্ষকদের অসন্তোষ বা উত্তেজনা থাকার কোনো কারণ নেই। শিক্ষা মন্ত্রণালয় শিক্ষকদেরই স্বার্থ দেখছে। তিনি বলেন, শিক্ষকরা বলছেন কাজ করবেন না, ক্লাস-পরীক্ষা নেবেন না, এটা যুক্তিযুক্ত হবে না। নিয়মিত ক্লাস কার্যক্রম চালিয়ে যাবেন, ভর্তি পরীক্ষা চালিয়ে যাবেন অনুরোধ জানাই। শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে এ সমন্বয় সভায় সভাপতিত্ব করেন শিক্ষামন্ত্রী।

অনুরোধ : পৃষ্ঠা ১৯ : কলাম ৫

## অনুরোধ : শিক্ষামন্ত্রীর

(শেষ পৃষ্ঠার পর)

এতে মন্ত্রী প্রকল্প অনুমোদনের ক্ষেত্রে অগ্রাধিকার বিবেচনার ওপর গুরুত্বারোপ করে বলেন, সম্পদের সীমাবদ্ধতা থাকতে পারে। তবে শিক্ষা খাতে অব্যাহত অগ্রযাত্রা ধরে রাখার জন্য অত্যাবশ্যক প্রকল্পের জন্য অর্থের অভাব হবে না। সভায় মন্ত্রণালয়ের বিভিন্ন উইং, অধিশাখা, শাখা ও দফতরের কার্যক্রমের অগ্রগতি ও ভবিষ্যৎ পরিকল্পনা তুলে ধরা হয়। এ সময় এনসিটিবি (জাতীয় পাঠ্যপুস্তক বোর্ড) চেয়ারম্যান অধ্যাপক নারায়ণ চন্দ্র পাল জানান, প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের বিনা মূল্যের পাঠ্যপুস্তক ছাপানোর কাজ দ্রুত এগিয়ে চলেছে, এসব বই আগামী ১ জানুয়ারি সারা দেশে শিক্ষার্থীদের হাতে তুলে দেয়া সম্ভব হবে। সভায় সচিবের দায়িত্ব পালনরত অতিরিক্ত সচিব ড. অরুণা বিশ্বাস, মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও যুগ্ম সচিব, বিভিন্ন দফতরের প্রধান ও প্রকল্প পরিচালকরা উপস্থিত ছিলেন।